



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/৪৭৭৯/ ৩০৪১

তারিখ : ০৭/১১/১৭

বিষয় : রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৮/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০, ০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ নং স্মারক পত্রের নির্দেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : জনাব মোঃ সাইফুল্লাহ বাহার (প্রধান শিক্ষক, সাময়িক বরখাস্তকৃত) এর ০২-১১-২০১৭ খ্রি. তারিখের অনলাইনে আবেদন (আইডি নং-১২১১৪)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৮/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ নং স্মারক পত্র এবং মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। এমতাবস্থায় আপনার বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ সাইফুল্লাহ বাহার এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের (কপি সংযুক্ত) নির্দেশ বাস্তবায়নের জন্য বলা হল।

০৭/১১/২০১৭

(গাজী মনিবুর রহমান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

সভাপতি, ম্যানেজিং কমিটি

পারগলিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয় (১১৮৬২৩)

ডাকঘর : পারগলিয়া, উপজেলা : দেবহাটা, জেলা : সাতক্ষীরা

স্মারক নং বিঅ-৬/৪৭৭৯/৩০৪১ (১-৮)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি হেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা
- ২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা
- ৫। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), পারগলিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাকঘর : পারগলিয়া, উপজেলা : দেবহাটা, জেলা : সাতক্ষীরা
- ৬। জনাব মোঃ সাইফুল্লাহ বাহার (প্রধান শিক্ষক, সাময়িক বরখাস্তকৃত), পারগলিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাকঘর : পারগলিয়া, উপজেলা : দেবহাটা, জেলা : সাতক্ষীরা
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৮। সংরক্ষণ নথি

০৭/১১/২০১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর